

মুখ্য বিচার বিভাগীয় ম্যাজিস্ট্রেট আদালত
মুর্শিদাবাদ

উপস্থিত : শ্রীমতী অপর্ণা চৌধুরী
মুখ্য বিচার বিভাগীয় ম্যাজিস্ট্রেট, মুর্শিদাবাদ।(ভারপ্রাপ্ত)
MR No-1073/21

CNR No- WBMD04-003993-2021

দরখাস্তকারিণী : শোভা বিবি
প্রতিপক্ষ : রাজা সেখ

09.11.2021:-

দরখাস্তকারিণী নিজের এবং তার সন্তানের জন্য খোরপোষের প্রার্থনা করে ফৌঃকাঃবিঃ-র 125 ধারায় একটি দরখাস্ত দাখিল করেছেন।

মামলাটি একটি এম.আর মামলা হিসেবে নথিভুক্ত করা হোক।

প্রতিপক্ষকে নোটিস ইস্যু করা হোক এবং ইং 01.02.2022 তারিখে নোটিসের প্রাপ্তিপত্র ফেরৎ এর জন্য দিন ধার্য করা হল।

এই বিষয়ে উল্লেখ করা হয় যে মহামাণ্য শীর্ষ আদালত (1985)4 SCC,337 নং মামলায় প্রতিপক্ষকে নোটিস ইস্যু করবার আগেই একতরফা ভাবে খোরপোষ দানের অন্তর্বর্তীকালীন আদেশ জারি করা যেতে পারে বলে উল্লেখ করেছেন। মহামাণ্য শীর্ষ আদালতের ক্রিমিন্যাল অ্যাপিল নং 730/20 এর 04/11/2020 তারিখের আদেশ অনুযায়ী দরখাস্তকারিণী হলফনামা দাখিল করেছেন এবং ঐ আদেশ সম্পর্কে জ্ঞাত হয়ে এই দরখাস্তটি শুনানির জন্য গ্রহণ করা হল।

দরখাস্তকারিণী অন্তর্বর্তীকালীন খোরপোষের জন্য প্রার্থনা করে হলফনামা সহ একটি দরখাস্ত দাখিল করেছেন। বিদগ্ধ আইনজীবীর বক্তব্য শোনা হল। দরখাস্তকারিণীর মতে প্রতিপক্ষ একজন সুস্থ সবল ব্যক্তি এবং তার মাসিক আয় 40,000 টাকা। ফৌঃকাঃবিঃ-র 125 ধারা হল সহায়-সম্বলহীন স্ত্রী, অভিভাবক এবং নাবালক সন্তানকে আর্থিক সুবিধা দানের একটি আইনি প্রক্রিয়া।

প্রতিপক্ষের আর্থিক অবস্থা, বর্তমান বাজার মূল্য, দরখাস্তকারিণীর পক্ষ থেকে দাখিল করা হলফনামা এবং দরখাস্তকারিণীর সন্তান সহ সহায়-সম্বলহীন অবস্থা বিবেচনা করে এবং উপরোক্ত কথিত আদেশ অনুযায়ী এই সিদ্ধান্তে উপনীত হওয়া যায় যে এই মামলার নিষ্পত্তি না হওয়া পর্যন্ত দরখাস্তের দিন থেকে দরখাস্তকারিণীর অনুকূলে অন্তর্বর্তীকালীন খোরপোষের আদেশ হওয়া আবশ্যিক।

অতএব, প্রতিপক্ষকে নির্দেশ দেওয়া হচ্ছে তিনি প্রতি ইংরেজী মাসের 10 তারিখের মধ্যে এই মামলার চূড়ান্ত নিষ্পত্তি অবধি দরখাস্তকারিণীকে তার নিজের জন্য ও সন্তানের দরণ মাথাপিছু 1500 টাকা করে অর্থাৎ মাসিক মোট 3000 টাকা হারে অন্তর্বর্তীকালীন খোরপোষ প্রদান করে যাবেন।

প্রতিপক্ষকে নির্দেশ দেওয়া হচ্ছে ইং 01.02.2022 তারিখে উক্ত অন্তর্বর্তীকালীন খোরপোষ দরখাস্তকারিণী ও তার সন্তান পেতে হকদার নয় কেন সেই মর্মে কারণ দর্শাতে।

আদেশের প্রতিলিপি বিনামূল্যে দরখাস্তকারিণীকে দেওয়া হোক।

নিষ্পত্তির জন্য এই মামলাটি মাননীয় বিচার বিভাগীয় ম্যাজিস্ট্রেট প্রথম আদালত, বহরমপুর এ

স্থানান্তর করা হল।

কথিত ও সংশোধিত

মুখ্য বিচার বিভাগীয় ম্যাজিঃ
মুর্শিদাবাদ

মুখ্য বিচার বিভাগীয় ম্যাজিস্ট্রেট
মুর্শিদাবাদ